

একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২১৪.১৯.৩৫৯০/৭

তারিখ : ১৯/০৫/১৪২৬ বঙ্গাব্দ  
০৩/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন ডাঃ মোসলেম উদ্দিন খান ডিগ্রি কলেজে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: আবদুল আলীম বেপারী কর্তৃক দাখিলকৃত আবেদন এর স্মারক নং-ডিএমসি/২০১৮/১৯, তারিখ: ২৪/০৮/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন ডাঃ মোসলেম উদ্দিন খান কলেজে অধ্যক্ষের অবর্তমানে কনিষ্ঠতম প্রভাষক হওয়া সত্ত্বেও বে-আইনীভাবে দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং তার পরিবর্তে জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য সূত্রোক্ত পত্র প্রেরণ করেন।

কলেজটিতে ১০ শিক্ষকের মধ্যে অধ্যক্ষ, ২ জন সহকারী অধ্যাপক এবং ৭ জন প্রভাষক এমপিওভুক্ত। শিক্ষক তালিকা অনুযায়ী অধ্যক্ষ এবং জ্যেষ্ঠ সহকারী অধ্যাপক জনাব সমর কৃষ্ণ বিশ্বাস সাময়িক বরখাস্ত। জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী 'পারস্পারিক জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদের প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে'। কলেজটির ২ জন সহকারী অধ্যাপক এর একজন সাময়িক বরখাস্ত থাকায় অন্য সহকারী অধ্যাপক জনাব সনাতন বিশ্বাস পদমর্যাদা মোতাবেক জ্যেষ্ঠ।

এমতাবস্থায়, জনাব সনাতন বিশ্বাস, সহকারী অধ্যাপক(যুক্তিবিদ্যা), ইনডেক্স নং-৪০৯৩২১ পদমর্যাদা মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষক হওয়ায় তাঁকে আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

4.9.19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

সভাপতি

ডাঃ মোসলেম উদ্দিন খান ডিগ্রি কলেজ, জাজিরা, শরীয়তপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৩। জনাব আবদুল আলীম বেপারী, জয়নগর, জাজিরা, শরীয়তপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ৫। অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), ডাঃ মোসলেম উদ্দিন খান ডিগ্রি কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ৬। উপজেলা মাধ্যমিক অফিসার, জাজিরা, শরীয়তপুর।
- ৭। সংরক্ষণ নথি।